সংবাদ

তারিখ 31 JAN 2003
পৃষ্ঠা ২ কলাম ৬

# জা.বিতে রেকর্ডসংখ্যক আবেদনপত্র জমা পড়েছে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে (৩২তম ব্যাচ) ২৪টি বিভাগের মাত্র সাড়ে ১১শ' আসনের বিপরীতে রেকর্ডসংখ্যক ১ লাখ ৬০ হাজার আবেদনপত্র জমা পড়েছে। বিভিন্ন বিভাগভিত্তিক আবেদনপত্র জমার এ হার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এখন পর্যন্ত আর হয়নি বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। অস্বাভাবিক এই আবেদনপত্র জমা পড়ার কারণে বিশ্ববিদ্যালয় প্রশাসন পূর্বনির্ধারিত ভর্তি পরীক্ষার সময়সূচি (২৩শে ফেব্রুয়ারি থেকে ৬ই মার্চ) পরিবর্তন করে নতুন সময়সূচি ১৫ই মার্চ থেকে ২৪শে মার্চ পর্যন্ত নির্ধারণ করেছে। এ পর্যন্ত ৪টি অনুষদে মোট ৪৬ হাজার ৭শ' ২৬টি ফরম জমা পড়েছে। এর মধ্যে গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদে ১১ হাজার ৭শ' ৮২টি, সমাজবিজ্ঞান অনুষদে ১৫ হাজার ৭৪টি, কলা ও মানবিক অনুষদে ১১ হাজার এবং জীববিজ্ঞান অনুষদে ৮ হাজার ৮শ' ৭০টি আবেদনপত্র জমা পড়েছে। উল্লেখ্য, একজন ভর্তিচ্ছু পরীক্ষার্থী যেকোন অনুষদের বিপরীতে সর্বোচ্চ ৪টি বিভাগে অংশগ্রহণ করতে পারবে।